অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কবাসীদেরকে *ক্যানডিডা অরিস* ছত্রাক থেকে সুরক্ষিত রাখার প্রচেষ্টাসমূহ সম্পর্কে গভর্নর হোকলের আলোকপাত

স্টেটের প্রচেষ্টাসমূহের লক্ষ্য হচ্ছে ওষুধ-প্রতিরোধী ছত্রাকজনিত সংক্রমণ বৃদ্ধি পাওয়া সম্পর্কে সতর্ক করে CDC-এর রিপোর্টের পরিপ্রেক্ষিতে নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখা

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ আক্রান্ত হওয়ার কেসগুলো শনাক্ত করতে এবং সতর্কতামূলক পদক্ষেপসমূহ গ্রহণ করতে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর সঙ্গে কাজ করছে

গভর্নর ক্যাথি হোকল আজ দেশব্যাপী ক্রমবর্ধমান গতিতে ছড়িয়ে পড়তে থাকা *ক্যানডিডা অরিস*-এর সম্ভাব্য প্রাণঘাতী ছত্রাকজনিত সংক্রমণ প্রতিরোধ করার জন্য স্টেটের দীর্ঘদিন ধরে চলে আসা প্রচেষ্টাসমূহের উপর আলোকপাত করেন। দেশের-নেতৃস্থানীয় একটি নজরদারির মডেল থাকার পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) 2016 সাল থেকে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সঙ্গে মিলে এসব ছত্রাকজনিত সংক্রমণ শনাক্ত করার জন্য এবং উচ্চ ঝুঁকিপূর্ণ পরিবেশে, যেমন হাসপাতালগুলোতে এবং দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলোতে এই মাল্টিড্রাগ-রেসিস্ট্যান্ট ছত্রাক ছড়িয়ে পড়া প্রতিরোধ করতে সতর্কতামূলক পদক্ষেপসমূহ গ্রহণ করতে কাজ করে আসছে।

"জনস্বাস্থ্যের প্রতি উদীয়মান হুমকিগুলো মোকাবেলার জন্য আমাদের সেরা হাতিয়ার হচ্ছে সেগুলো দ্রুত ছড়িয়ে পড়ার আগেই সেগুলোকে শনাক্ত করতে সক্ষম হওয়া," **বলেছেন গভর্নর হোকল।** "যদিও এই ওষুধ-প্রতিরোধী ছত্রাক সম্পর্কে CDC-এর রিপোর্টটি উদ্বেগজনক, এসব সংক্রমণ ট্র্যাক করার ব্যাপারে আমাদের সক্ষমতা দেশের মধ্যে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে এবং এই হুমকি মোকাবেলা করা এবং আমাদের স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো যাতে নিরাপদ থাকে সে বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় আগ্রাসী পদক্ষেপ গ্রহণ করতে আমাদেরকে অব্যাহতভাবে সাহায্য করে যাচ্ছে।"

এই সপ্তাহের শুরুতে, যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention) মাল্টিড্রাগ-রেসিস্ট্যান্ট ছত্রাক যে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে সংক্রমণের হুমকি বৃদ্ধি করছে সে সম্পর্কে সতর্ক করতে এবং নজরদারি অব্যাহত রাখার প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে একটি রিপোর্ট ইস্যু করেছে। *ক্যানডিডা অরিস* নামে ব্যাপকভাবে পরিচিত ছত্রাকটির

সংক্রমণ হাসপাতালে ভর্তি থাকা রোগীদের মধ্যে গুরুতর অসুস্থতা দেখা দেওয়ার কারণ হতে পারে কারণ সেগুলো সাধারণভাবে ব্যবহৃত ছত্রাকবিরোধী ওষুধের প্রতি সাড়া দেয় না, যা সেগুলোর চিকিৎসা করাকে কঠিন করে তোলে।

প্রস্তুতি জোরদার করতে, নজরদারি বৃদ্ধি করতে, এবং *ক্যানডিডা অরিসের* জন্য কার্যকর সংক্রমণ প্রতিরোধ ব্যবস্থা ও নিয়ন্ত্রণমূলক পদক্ষেপসমূহ বাস্তবায়ন করতে স্বাস্থ্য বিভাগ হাসপাতাল ও নার্সিং হোমগুলোকে দিকনির্দেশনা ও সহায়তা প্রদান করা অব্যাহত রেখেছে। এই ছত্রাকের সংক্রমণ নিশ্চিত হলে বা সন্দেহ করা হলে, সংস্থাটি আক্রান্ত রোগীকে একটি আলাদা ব্যক্তিগত কক্ষে রাখার জন্য অথবা একই সংক্রমণে আক্রান্ত অন্য রোগী বা বাসিন্দাদের সঙ্গে অন্য জায়গায় সরিয়ে নেওয়ার জন্য পরামর্শ দিচ্ছে।

এই ছত্রাক ছড়িয়ে পড়া প্রতিরোধ করতে সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের প্রতি - বিশেষ করে হাতের স্বাস্থ্যবিধি মেনে চলা এবং পরিবেশ পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত রাখার প্রতি অধিক মনোযোগী হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়া স্বাস্থ্যকেন্দ্রগুলোতে ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের পর্যাপ্ত সরবরাহ থাকতে হবে, এবং স্বাস্থ্যসেবা প্রদান করার পরিবেশ ভালোভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত অবস্থায় রাখতে হবে।

স্টেটের পাবলিক হেলথ ল্যাবরেটরি, ওয়াডসওর্থ সেন্টার (Wadsworth Center) *ক্যানডিড অরিসের* জন্য ক্লিনিক্যাল ও পরিবেশগত নমুনা পরীক্ষা করছে। এই সেন্টার জাতীয় অ্যান্টিবায়োটিক রেসিস্ট্যান্স ল্যাবরেটরি নেটওয়ার্কের (Antibiotic Resistance Laboratory Network) সাতটি সেন্টারের মধ্যে একটি, যেটি মাল্টিড্রাগ-রেসিস্ট্যান্ট *ক্যানডিডা অরিস* এবং অন্যান্য ওষুধ-প্রতিরোধী *ক্যানডিডা* ছত্রাকের প্রতি মনোযোগী রয়েছে। ওয়াডসওর্থ সেন্টার *ক্যানডিডা অরিস* দ্রুত শনাক্তকরণের জন্য একটি মলিকিউলার অ্যাসে তৈরি করা প্রথম ল্যাবরেটরিগুলোর মধ্যে অন্যতম, যে পরীক্ষাটি এখন দেশব্যাপী এই নেটওয়ার্কের আওতাধীন সব পরীক্ষাগারে ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে থাকে।

ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "লোকজনের জন্য এই বিষয়টি বুঝতে পারা গুরুত্বপূর্ণ যে সাধারণ মানুষের জন্য *ক্যানডিডা অরিস*-এর ঝুঁকি অতি সামান্য। *ক্যানডিডা* অরিস সাধারণত এমন ব্যক্তিদেরকে সংক্রমিত করে যারা ইতোমধ্যেই অসুস্থ অবস্থায় রয়েছেন, হাত ধুয়ে নেওয়া এবং পৃষ্ঠতল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার মাধ্যমে এবং সেইসাথে ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম ব্যবহার করার মাধ্যমে এটি প্রতিরোধ করা সম্ভব। গভর্নর হোকলের নির্দেশনা অনুযায়ী, এই ডিপার্টমেন্ট সম্ভাব্য কেসগুলো শনাক্ত করতে এবং *ক্যানডিডা অরিস* ছড়িয়ে পড়ার গতি কমিয়ে আনার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে।"

এই ছত্রাকজনিত সংক্রমণ নিউ ইয়র্ক স্টেটে সর্বপ্রথম 2016 সালে জনস্বাস্থ্য সংক্রান্ত নজরদারির মাধ্যমে শনাক্ত হয়েছিল, কিন্তু পর্যালোচনার মাধ্যমে 2013 সালের একটি কেস শনাক্ত করা গেছে। নিচে 2013 সাল থেকে 2023 সাল পর্যন্ত প্রতি বছরের ক্লিনিক্যাল ও নজরদারির কেসগুলো দেওয়া হয়েছে।

বছর	ক্লিনিক্যাল কেস #	নজরদারির কেস #
2013	1	0
2014	0	0
2015	0	0
2016	26	11
2017	99	128
2018	158	254
2019	178	306
2020	250	200
2021	291	348
2022	379	498
*2023	72	125
মোট*	1454	1870

*22 মার্চ, 2023 তারিখ পর্যন্ত

ক্লিনিক্যাল কেসগুলোর মধ্যে সেসব ব্যক্তি অন্তর্ভুক্ত রয়েছেন যারা অসুস্থ ছিলেন এবং তাদের ক্লিনিক্যাল সেবা প্রদানের সময়ে *ক্যানডিডা অরিস* শনাক্ত হয়েছে। স্ক্রিনিং কেসগুলোর মধ্যে সেসব ব্যক্তি অন্তর্ভুক্ত রয়েছেন যারা *ক্যানডিডা অরিসের* কারণে অসুস্থ ছিলেন না এবং যাদেরকে জনস্বাস্থ্য সংক্রান্ত তদন্তের অংশ হিসেবে সুনির্দিষ্টভাবে *ক্যানডিডা অরিসের* জন্য পরীক্ষা করা হয়েছিল, যার মধ্যে আনুমানিক 10 শতাংশ ক্লিনিক্যাল কেসে পরিণত হয়েছে - যা এই ছত্রাকজনিত প্যাথোজেনের অনুপ্রবেশকারী প্রকৃতির বিষয়টি আরো স্পষ্ট করে তোলে।

ক্যানডিডা অরিস স্বাস্থ্যসেবা প্রদানের পরিবেশের পৃষ্ঠতলগুলোতে লেগে থাকতে পারে এবং স্বাস্থ্যসেবা কেন্দ্রের রোগীদের মধ্যে ছড়িয়ে পড়তে পারে। একসাথে একাধিক রোগে আক্রান্ত রোগী এবং মেকানিক্যাল ভেন্টিলেশন গ্রহণকারী রোগীরা সংক্রমণের সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকেন। সেইসাথে, ইনটেনসিভ কেয়ার ইউনিটে দীর্ঘদিন ধরে অবস্থান করছেন, গুরুতর মেডিকেল অবস্থা রয়েছে, এবং পূর্বে অ্যান্টিবায়োটিক বা অ্যান্টিফাঙ্গাল ওষুধ গ্রহণ করেছেন এমন রোগীরা সংক্রমণের সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছেন।

নিউ ইয়র্ক স্টেটে শনাক্ত হওয়া *ক্যানডিডা অরিসের* বেশিরভাগ কেস নিউ ইয়র্ক সিটি অঞ্চলের স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে পাওয়া গেছে, কিন্তু মেট্রোপলিটন এলাকার বাইরের এলাকাগুলো থেকেও সম্প্রতি কিছু কেসের রিপোর্ট পাওয়া গেছে। সব সন্দেহজনক বা নিশ্চিত কেস অবশ্যই ফ্যাসিলিটির সংক্রমণ নিয়ন্ত্রণ বিভাগ এবং স্টেটের স্বাস্থ্য বিভাগের কাছে রিপোর্ট করতে হবে।

###